গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
www.ntrca.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০০০.০১০.০৯.০০১.২০.৮৭৭

তারিখ: ২৩ শ্রাবণ ১৪৩২ ব. / ০৭ আগস্ট ২০২৫ খ্রি.

বিষয় : বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) এর বিরুদ্ধে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং- ১৫৪৩/২০২৫ এর ১১.০৩.২০২৫ তারিখের আদেশ অনুযায়ী পিটিশনার জনাব মাহমুদা নাসরিন কর্তৃক এনটিআরসিএ কার্যালয়ে দাখিলকৃত তার ১৮.০১.২০২৫ তারিখের আবেদনটি নিষ্পত্তিকরণ প্রসংগে।

সূত্র : এ কার্যালয়ের স্মারক নম্বর ৩৭.০৫.০০০০.০০০.০১০.০৯.০০১.২০.৮১৪, তারিখ: ২৩.০৭.২০২৫ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে তার জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের নির্দেশনা মোতাবেক পিটিশনার জনাব মাহমুদা নাসরিন (রোল নম্বর ৪২৬০০৩৫৮২, ষোড়শ শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০১৯) কর্তৃক এনটিআরসিএ কার্যালয়ে দাখিলকৃত তার ১৮.০১.২০২৫ তারিখের আবেদনটি নিষ্পত্তির নিমিত্ত ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ ০৪ আগস্ট ২০২৫ তারিখে এ কার্যালয়ে উপস্থিত হওয়ার জন্য জনাব মাহমুদা নাসরিন কে এ কার্যালয়ের ২৩ জুলাই ২০২৫ তারিখের ৩৭.০৫.০০০০.০০০.০১০.০৯.০০১.২০.৮১৪ সংখ্যক স্মারকে পত্র প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে পিটিশনার জনাব মাহমুদা নাসরিন নির্ধারিত তারিখ ও সময়ে এ কার্যালয়ে শুনানির জন্য হাজির হন। পিটিশনার কর্তৃক এ কার্যালয়ে দাখিলকৃত আবেদনটি নিষ্পত্তির লক্ষ্যে পিটিশনারের ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। উক্ত শুনানিতে পিটিশনারের বক্তব্য শুনা হয় এবং তার দাখিলকৃত আবেদনটি নিয়ে আলোচনা করা হয়। উক্ত আলোচনায় বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) কর্তৃক শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ সম্পর্কিত আইন ও বিধিসমূহ সম্পর্কে বিস্তারিত আলোচনা হয় এবং পিটিশনারকে কে অবহিত করা হয়।

০২। ২০০৫ সনের ১ নং আইন 'বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন আইন, ২০০৫' এ প্রদত্ত ক্ষমতাবলে প্রণীত 'বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা, ২০০৬ (সংশোধিত)' এর বিধি ৩ অনুযায়ী বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ করে। গৃহীত শিক্ষক নিবন্ধন পরীক্ষায় চূড়ান্তভাবে উত্তীর্ণ (প্রিলিমিনারি টেস্ট, লিখিত পরীক্ষা ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ) প্রার্থীদের বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা, ২০০৬ (সংশোধিত) এর বিধি ১০ অনুযায়ী শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্র প্রদান করা হয়।

০৩। নথি পর্যালোচনায় দেখা যায়, পিটিশনার জনাব মাহমুদা নাসরিন (পিতা: মোঃ মোবারক হোসাইন, মাতা: শাহিনা মোবারক, গ্রাম: পাকিয়াব, ডাকঘর: পাকিয়াব মাদ্রাসা, উপজেলা: কাপাসিয়া, জেলা: গাজীপুর) বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) এর ব্যবস্থাপনায় গৃহীত ষোড়শ শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০১৯ এর একজন পরীক্ষার্থী। উক্ত পরীক্ষায় পিটিশনার জনাব মাহমুদা নাসরিন এর রোল নম্বর ছিল ৪২৬০০৩৫৮২। পিটিশনার জনাব মাহমুদা নাসরিন ষোড়শ শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০১৯ এর প্রিলিমিনারি টেস্ট এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলেও মৌখিক পরীক্ষায় অনুত্তীর্ণ হয়েছেন। ফলে পিটিশনার জনাব মাহমুদা নাসরিন ষোড়শ শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০১৯ এর চূড়ান্ত ফলাফলে অকৃতকার্য হয়েছেন।

০৪। দেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষক হতে আগ্রহী প্রার্থীদের নিবন্ধন ও প্রত্যয়নের লক্ষ্যে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) কর্তৃক শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণের নিমিত্ত নিবন্ধন পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আবেদনপত্র গ্রহণের লক্ষ্যে শিক্ষক নিবন্ধন পরীক্ষার বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। সর্বশেষ প্রকাশিত এমপিও নীতিমালা ও জনবল কাঠামো অনুযায়ী উক্ত বিজ্ঞপ্তিতে শিক্ষা প্রতিষ্ঠানের ধরণ, পদের নাম, লিখিত পরীক্ষার বিষয় ও ন্যূনতম শিক্ষাগত যোগ্যতার বিবরণ এবং অন্যান্য শর্তাবলী উল্লেখ করা হয়েছে। উক্ত আবেদন কার্যক্রম টেলিটক বাংলাদেশ লিমিটেড এর তত্ত্বাবধানে সম্পন্ন হয়। শিক্ষক হতে আগ্রহী প্রার্থীগণ নিজ পছন্দ ও শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদসমূহের মধ্যে তার যোগ্যতা সংশ্লিষ্ট পদে নিবন্ধনের উদ্দেশ্যে অনলাইনে আবেদন করেছেন। শিক্ষক নিবন্ধন পরীক্ষার বিজ্ঞপ্তির নির্দেশনা মোতাবেক পিটিশনার জনাব মাহমুদা নাসরিন সংশ্লিষ্ট শিক্ষক নিবন্ধন পরীক্ষায় আবেদনের প্রেক্ষিতে তার প্রদানকৃত তথ্য সম্বলিত CIF (Candidate's Infromation Form) বা আবেদন কপি (Applicant Copy) ডাউনলোড ও সংরক্ষণ করেছেন। উক্ত ডাউনলোডকৃত কপিতে প্রার্থীর নিবন্ধন পরীক্ষার বিষয় ও বিষয় কোড সুস্পষ্টভাবে উল্লেখ রয়েছে। উক্ত CIF (Candidate's Infromation Form) এ মুদ্রিত তথ্যাদি যাচাই পূর্বক নির্ধারিত ফি জমাদানের মাধ্যমে প্রার্থী তার নিবন্ধন পরীক্ষার আবেদন নিশ্চিত করেছেন। প্রার্থী নিবন্ধন পরীক্ষার আবেদনের সময় যে ধরণের শিক্ষা প্রতিষ্ঠানে নিবন্ধনের উদ্দেশ্যে আবেদন করেছিলেন সে অনুযায়ী টেলিটক বাংলাদেশ লিমিটেড হতে সরবরাকৃত তথ্য মোতাবেক শিক্ষক নিবন্ধন পরীক্ষার পরবর্তী সকল কার্যক্রম সুষ্ঠু ও সুচারুভাবে সম্পন্ন করা হয়েছে।

০৫। বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা ২০০৬ (সংশোধিত) এর ৮(১)(গ) বিধি অনুযায়ী ষোড়শ শিক্ষক নিবন্ধন লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা এনটিআরসিএ-এর কার্যালয়ে গ্রহণ করা হয়েছে। বিষয় বিশেষজ্ঞ, বিভাগীয় বিশেষজ্ঞ ও সভাপতির সমন্বয়ে গঠিত ০৩ (তিন) সদস্য বিশিষ্ট বোর্ড মৌখিক পরীক্ষা পরিচালনা/গ্রহণ করেন। বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) এর ৮০তম নির্বাহী বোর্ড সভার সিদ্ধান্ত ও শিক্ষা মন্ত্রণালয়স্থ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের বেসরকারি মাধ্যমিক-২ শাখা হতে ১৩ ডিসেম্বর ২০১৮ তারিখে জারিকৃত ৩৭.০০.০০০০.০৭৩.০৮.০০৬.১৬-৪২৭ সংখ্যক স্মারকপত্রের নির্দেশনা মোতাবেক মৌখিক পরীক্ষার নম্বর বিভাজন করা হয়। এক্ষেত্রে এনটিআরসিএ কর্তৃক পরিচালিত মৌখিক পরীক্ষায় যোগ্য প্রার্থী নির্বাচনের স্বার্থে **শিক্ষাগত যোগ্যতার সনদের জন্য ১২ (বারো) নম্বর এবং জ্ঞান ও প্রকাশ ক্ষমতার জন্য ০৮ (আট) নম্বর এর উভয় অংশে পৃথকভাবে অন্যূন ৪০% নম্বর** পাওয়ার শর্ত আরোপ করা হয়। তৎপ্রেক্ষিতে মৌখিক পরীক্ষার নম্বর বিভাজন এবং পাশের বিষয়টি ষোড়শ শিক্ষক নিবন্ধন পরীক্ষার বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়। বর্ণিত স্মারকপত্রের নির্দেশনা মোতাবেক মৌখিক পরীক্ষার বোর্ড কর্তৃক প্রদত্ত নম্বরের ভিত্তিতে ষোড়শ শিক্ষক নিবন্ধন পরীক্ষার চূড়ান্ত ফলাফল প্রকাশ করা হয়েছে। পিটিশনার জনাব মাহমুদা নাসরিন ষোড়শ শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০১৯ এর প্রিলিমিনারি টেস্ট এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলেও সংশ্লিষ্ট মৌখিক পরীক্ষার বোর্ড কর্তৃক প্রদত্ত নম্বরের ভিত্তিতে মৌখিক পরীক্ষায় অনুত্তীর্ণ হয়েছেন। ফলে পিটিশনার জনাব মাহমুদা নাসরিন ষোড়শ শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০১৯ এর চূড়ান্ত ফলাফলে অকৃতকার্য হয়েছেন।

০৬। বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা, ২০০৬ (অধিকতর সংশোধিত) এর বিধি ৯ এর উপবিধি (৪)(খ) তে উল্লেখ রয়েছে “প্রিলিমিনারি, লিখিত ও মৌখিক পরীক্ষার উত্তরপত্র পুননিরীক্ষণ বা পুনপরীক্ষণের কোন আবেদন গ্রহণ করা হইবে না এবং এতদ্‌সংক্রান্ত কোন তথ্য প্রার্থী বা তাহার প্রতিনিধিকে প্রদর্শন বা প্রদান করা হইবে না”। সেপ্রেক্ষিতে পিটিশনার জনাব মাহমুদা নাসরিন এর ষোড়শ শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০১৯ এর মৌখিক পরীক্ষার ফলাফল পুন:মূল্যায়নের সুযোগ নাই।

০৭। বর্ণিতাবস্থায়, পিটিশনার জনাব মাহমুদা নাসরিন (রোল নম্বর ৪২৬০০৩৫৮২, ষোড়শ শিক্ষক নিবন্ধন পরীক্ষা ২০১৯) কর্তৃক এনটিআরসিএ কার্যালয়ে দাখিলকৃত তার ১৮.০১.২০২৫ তারিখের আবেদনের প্রেক্ষিতে বেসরকারি শিক্ষক নিবন্ধন পরীক্ষা গ্রহণ ও প্রত্যয়ন বিধিমালা অনুযায়ী জনাব মাহমুদা নাসরিন এর ষোড়শ শিক্ষক নিবন্ধন পরীক্ষার বিষয় কোড ৪২৬ এর পরিবর্তে ৪২৯ করার সুযোগ নাই।

০৮। বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।

আবদুর রহমান (৮০৫২)
পরিচালক (উপসচিব)
পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন
এনটিআরসিএ, ঢাকা।

প্রাপক:

জনাব মাহমুদা নাসরিন
পিতা: মোঃ মোবারক হোসাইন
গ্রাম: পাকিয়াব, ডাকঘর: পাকিয়াব মাদ্রাসা
উপজেলা: কাপাসিয়া, জেলা: গাজীপুর।

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. সদস্য (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন), এনটিআরসিএ, ঢাকা।
২. সচিব (উপসচিব), এনটিআরসিএ, ঢাকা।
৩. সহকারী প্রোগ্রামার, এনটিআরসিএ, ঢাকা (পত্রটি এনটিআরসিএ-এর ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
৪. পি.এ টু চেয়ারম্যান, এনটিআরসিএ, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. সংশ্লিষ্ট নথি।